

# বেনিনে ভিডিও নিজেই নিজের কথা বলে

ইমপ্যাক্ট  
স্টাডি

৯

## সিনেমা-রাত উদযাপন

২০০৮ সালে, বেনিনের কৃষকেরা ধান-বীজের স্বাস্থ্য এবং ফসল তোলার পরের কাজ নিয়ে ভিডিও দেখে। ২০১৩ সালে একটি দল দীর্ঘমেয়াদী ফলাফল হয়েছে কি না তা দেখার জন্য বেনিনে ফিরে যায়। CNA (Cinéma Numérique Ambulant) এর কৃষকদের ভিডিও দেখানোর একটি মজার এবং প্রলপসু উপায় রয়েছে। সিএনএ গ্রামের মাঝখানে একটি বড়ো পর্দা স্থাপন করে, গান বাজায়, একটি কমিক চলচ্চিত্র দেখানোর পর একটি একটি শিখন ভিডিও দেখায়, শেষে একটি আফ্রিকান পূর্ণ দৈর্ঘ্যের চলচ্চিত্র প্রদর্শন করে। সিএনএ বিভিন্ন সমপ্রদায়ের সাথে মানিয়ে নিতে অভিজ্ঞ, কিন্তু তারা কৃষিবিদ নয় এবং ধানের ভিডিও সম্পর্কে কৃষকদের সব ধরনের প্রশ্নের উত্তর দিতে পারে না। তাই ধারণা করা যেতে পারে যে, শুধু ভিডিওটি দেখে পাঁচ বছর পরে কোনো বাস্তব ফলাফল পাওয়া যায়নি। যা হোক, বেশিরভাগ গ্রামে লোকেরা ভিডিও দেখার কথা স্মরণ করতে পারে এবং বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে পারে।



কৃষকের ধান সিদ্ধ করার পদ্ধতি উদ্ভাবন

## কৃষকের গবেষণা

বেনিনের দক্ষিণে ধান-চাষ পাখি আর কীটপতঙ্গের আক্রমণ, চাম্বাবাদ আর মাড়াইয়ের উপযুক্ত যন্ত্রপাতির অভাব এবং পাম ওয়েল ও সবজির মতো লাভজনক ফসলের সাথে প্রতিযোগিতার চ্যালেঞ্জ পড়ে। তবুও কয়েকজন কৃষক ২০০৮ সালে ধান উৎপাদন করে। ভিডিওটি দেখার পরে দক্ষিণাঞ্চলের নয়টি গ্রামের মধ্যে ছয়টি গ্রাম ধান উৎপাদনের চেষ্টা করে। পাঁচটি গ্রামের চাষীরা বীজ এবং পরামর্শের জন্য সরকারি সম্প্রসারণ কর্মীদের CeCPA কাছে অনুরোধ জানায়।

উত্তরাঞ্চলে, যেখানে ধান চাষের প্রচলন বেশি, সেখানে ১০টি গ্রামের সকলে ভিডিওর কিছু বিষয়বস্তু মনে রাখেন। নয়টি গ্রামের কৃষকেরা ছায়াছবি থেকে শেখা উদ্ভাবনীগুলো পরীক্ষা করে দেখে। যেমন, বীজ বাছাই করা, ধান মাড়াই করা, পাথর বাছা ইত্যাদি। নারীরা ধান সিদ্ধ করার কিছু মৌলিক কৌশল আয়ত্ত করে। যেমন, বাষ্পের সাহায্যে ধান সিদ্ধ করা, ধানের গায়ে ফুটন্ত পানির ছোঁয়া লাগতে না দেওয়া।

## সহায়তাসহ ও সহায়তা ছাড়া

ভিডিও দেখার পাঁচ বছর পরও কৃষকেরা সেগুলো মনে রেখেছে। এই ভিডিওগুলো কৃষিতে প্রযুক্তিগত পরিবর্তনের সূচনা করেছে, এমনকি প্রাতিষ্ঠানিক পরিবর্তনের দিকেও পরিচালিত করেছে, কৃষকেরা সরকারি কৃষি কর্মীদের কাছে যেমন আশা করেছিল।

কৃষিবিষয়ে নতুন নতুন ধারণা পেতে চায়, পৃথিবীব্যাপী এমন লক্ষ লক্ষ কৃষকের কাছে ‘কৃষক থেকে কৃষক’ ভিডিওগুলো মানসম্পন্নভাবে পৌঁছে দেওয়ার জন্য বর্তমানে যে-পরিমাণ সম্প্রসারণ কর্মী নেটওয়ার্ক আছে তা যথেষ্ট নয়। ভিডিওগুলো দেখানো ও বিতরণের জন্য কমিউনিটির ভেতর থেকে বিকল্প কর্মী প্রয়োজন। একইসাথে, যেহেতু কৃষক-শিখন ভিডিওগুলো খুব সাধারণ হয়ে উঠছে, বিভিন্ন উৎস থেকে মানুষজন এগুলোর সংস্পর্শে আসবে এবং কমিউনিটিতে তারা তাদের নিজস্ব উদ্যোগ দেখাতে সচেষ্ট হবে। এটা জানা খুবই উৎসাহব্যাঞ্জক হবে যে, কোনো রকমের সঞ্চালক বা ব্যাখ্যা প্রদানকারী ছাড়াই ভালো মানের ভিডিওগুলো দেখলেই মানুষ তা বুঝতে পারবে।

এই স্টাডিটি সুইস SDC ‘ভিডিওস ফর ফারমার্স’ কর্মসূচির সহযোগিতায় পরিচালিত।

যোগাযোগ: পল ভ্যান মেলে | paul@agroinsight.com

নিবন্ধটি উদ্ধৃত করতে :

Bentley, Jeffery, Paul Van Mele, Florent Okry & Espérance Zossou 2014  
Videos that speak for themselves: When non-extensionists show agricultural videos to large audiences. *Development in Practice*.



সারসংক্ষেপ ও ছবি  
: জেফ বেটলে